যুগান্তর

তারিখ OCT. 12 2006

পৃষ্ঠা ৭২ কলাম ৫

তালার মহিলা কলেজ হোস্টেলে নির্যাতন

# কলেজ গেটে তালা লাগিয়ে দিয়েছে ছাত্রীরা

সাতক্ষীরা প্রতিনিধি

উচ্ছেদের নামে তালার মহিলা কলেজের হোস্টেলে হামলা ও নির্যাতনের ঘটনার চতুর্থ দিনে বুধবার ছাত্রীরা কলেজের প্রধান গেটে তালা ঝুলিয়ে দিয়েছে। দাবি পূরণের বিশ্বাসযোগ্য অঙ্গীকার না পাওয়া পর্যন্ত তারা তালা খুলবে না বলে জানিয়ে দিয়েছে। অধ্যক্ষের নির্দেশ অনুযায়ী কলেজের বর্তমান হোস্টেল ছাড়তে নারাজ ছাত্রীরা। গতকাল সকাল থেকেই গেটের অভ্যন্তরে অবস্থান নেয়। অধ্যক্ষ, শিক্ষকবৃন্দ এবং চেয়ারম্যানসহ কলেজ সংশ্লিষ্টরা অবরুদ্ধ হয়ে পড়েন। 'ছাত্রীদের স্বার্থবিরোধী হিসেবে চিহ্নিত স্থানীয় ১৪ দলীয় এক নেতা ও তার সহযোগীদের সিদ্ধান্তের বিপক্ষে অবস্থান নিয়েছে ছাত্রীরা। বুধবার নির্যাতিত ছাত্রীরা তাদের দাবি পূরণের চাপ প্রয়োগ করে কর্তৃপক্ষের ওপর। কলেজ অধ্যক্ষ লুৎফুনয়ারা জামান লাভলী কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী হামলার ঘটনাস্থলের সেই হোস্টেলে মেয়েদের পুনর্বাসিত করার উদ্যোগ নিয়েও ব্যর্থ হন। মেয়েদের দাবি, কলেজের তিন তলাকেই তাদের হোস্টেল হিসেবে ঘোষণা করতে হবে। একই সঙ্গে তারা দাবি তোলে ক্ষতিপূরণ এবং মামলা করার। নির্যাতিত ছাত্রীদের একজন চন্দ্রারানী পাল যুগান্তরকে জানায়, কর্তৃপক্ষ বাহানা করছে। মামলা না করায় তীব্র ক্ষোভ প্রকাশ করে সে আরও জানায়, শেষ পর্যন্ত ছাত্রীরাই বাদী হয়ে মামলা করতে বাধ্য হবে। তার অভিযোগ, তাদের কাছের টাকা ও সামগ্রী রোববার লুটপাট হয়ে যাওয়ার পর থেকে তারা অর্ধাহারে রয়েছে। এদিকে ছাত্রীদের পক্ষে আন্দোলনে নামা ১৪ দলের এক স্থানীয় নেতা হঠাৎ বোল পাল্টে কলেজ কর্তৃপক্ষের পক্ষ নেয়ায় মেয়েরা ফুঁসে উঠেছে।